## মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন গাংনী পৌরসভা পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তা : ড. মোহাম্মদ মুনসুর আলম খান
জেলাপ্রশাসক, মেহেরপুর
পরিদর্শনের তারিখ : ২৫ জুলাই ২০২২
পরিদর্শনের সময় : বেলা ১২:৩০ ঘটিকা

২৫ জুলাই ২০২২ তারিখে মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন গাংনী পৌরসভা পরিদর্শন করি। এ সময় পৌরসভার মেয়র জনাব আহামেদ আলী ও পৌরসভার অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে নিম্নেবর্ণিত রেজিস্টার ও অন্যান্য বিষয়সমূহ পরীক্ষা করা হয়।

০১। সাধারণ তথ্যাবলী :

(ক) পৌরসভার নাম ও স্থাপনকাল : গাংনী পৌরসভা, স্থাপনকাল : ২১ জুন ২০০১
(খ) পৌরসভার শ্রেণি : 'খ' শ্রেণি
(গ) মোট ওয়ার্ড সংখ্যা : ০৯ (নয়) টি
(ঘ) আয়তন : ১৭.১২ বর্গ কিলোমিটার
(ঙ) বর্তমান পৌর পরিষদের মেয়র ও কাউন্সিলরদের শপথ গ্রহণে তারিখ : ০৯.০২.২০২১ খ্রি.
(চ) প্রথম সভার তারিখ : ১০.০২.২০২১ খ্রি.

০২। পরিদর্শন রেজিস্টারঃ

প্রত্যয়নসহ একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে। পরিদর্শন রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় সর্বশেষ গত ৩০ মে ২০২২ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গাংনী পৌরসভাটি পরিদর্শন করা হয়েছে।

মন্তব্য : পরিদর্শকারী কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর প্রতিবেদনের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৩। জনবল সংক্রান্ত :

পৌরসভার কর্তৃক প্রদত্ত তথ্যাদি মোতাবেক জনা যায় এ পৌরসভায় তিনটি বিভাগ রয়েছে যথা : প্রশাসন বিভাগ, প্রকৌশল বিভাগ ও স্বাস্থ্য বিভাগ। বর্ণিত তিনটি বিভাগে মঞ্জুরীকৃত জনবল এবং কর্মরত জনবল নিম্নরুপ :

| ক্রম | বিভাগ | মঞ্জুরীকৃত পদ | বর্তমানে কর্মরত | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রশাসন বিভাগ | ৩৫ | ১৫ | ২০ | |
| ০২ | প্রকৌশল বিভাগ | ৩২ | ১২ | ২০ | |
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ | ২২ | ০২ | ২০ | |
| | মোট : | ৮৯ | ২৯ | ৬০ | |

০৪। কর্মচারীদের হাজিরা রেজিস্টার :

কর্মচারীদের হাজিরা রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে। হাজিরা রেজিস্টার পরীক্ষা করা হলো। রেজিস্টার পরীক্ষায় দেখা যায় পৌরসভার তিনটি বিভাগে কর্মরত কর্মচারীগণ নিয়মিত হাজিরা খাতায় স্বাক্ষর করছেন।

মন্তব্য : হাজিরা খাতাটি নিয়মিতভাবে পরীক্ষা করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুস্বাক্ষর করবেন। হাজিরা খাতায় কর্মচারীদের নৈমিত্তিক ছুটির হিসাব সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৫। হাট-বাজার সংক্রান্ত রেজিস্টার :

হাট-বাজার সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে। রেজিস্টার পরীক্ষা এবং সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক প্রদত্ত তথ্য মোতাবেক জানা যায় এ পৌরসভার হাট বাজারের সংখ্যা ০৩টি। হাট-বাজারগুলো সরকারি নীতিমালা অনযায়ী বাংলা ১৪২৯ সাল পর্যন্ত ইজারা প্রদান করা হয়েছে। হাট-বাজারসমূহের তথ্যাদি নিম্নরুপ :

| ক্রমিক নম্বর | হাট-বাজারের নাম | ১৪২৮ সনের আয় | ১৪২৯ সনের আয় |
|---|---|---|---|
| ০১ | গাংনী হাট | ৪২,৪২.০০০/- | |
| ০২ | বাঁশবাড়ীয়া হাট | ২,৬৬,০০০/- | |
| ০৩ | গাংনী জবেহ খানা (গরু ও ছাগল জবেহ খানা) | ৬৩,০০০/- | |

মন্তব্য : সরকারি সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করে হাট-বাজার ইজারা কার্যক্রম সম্পন্ন করতে হবে। হাট-বাজার হতে প্রাপ্ত আয় সংশ্লিষ্ট খাতে জমা প্রদান নিশ্চিত করতে হবে। হাট-বাজারের রেজিস্টার হালনাগাদ রাখতে হবে এবং হাট-বাজারের জেএল নম্বর, মৌজা, দাগ ও পরিমাণ সুনির্দিষ্টভাবে রেজিষ্টারে লিপিবদ্ধ করে রাখতে হবে।

০৬। বাজেট :

বাজেট সংক্রান্ত নথিপত্র ও রেজিস্টার পরীক্ষা করা হলো। নথিপত্র ও রেজিস্টার পরীক্ষায় দেখা যায় বাজেট সভা অনুষ্ঠানের মাধ্যমে ২০২২-২০২৩ অর্থ বছরের বাজট নির্ধারণ করা হয়েছে। এ বাজেটে রাজস্ব খাতে সম্ভব্য আয় ধরা হয়েছে ২৩,৩৫,৪১,১৪৯/- টাকা এবং সমুদয় টাকা ব্যয় ধরা হয়েছে।

মন্তব্য : বাজেট নির্ধারণ এবং বাজেট সংক্রান্ত সকল নথিপত্র ও রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৭। ট্যাক্স আদায় :

ট্যাক্স নির্ধারণ ও ট্যাক্স আদায় সংক্রান্ত রেজিস্টার, নথিপত্র পরীক্ষা এবং পৌরসভার সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক প্রদত্ত তথ্য মোতাবেক দেখা যায় চলতি ২০২২-২০২৩ অর্থবছরে ট্যাক্স ধার্য্য করণ এবং আদায় কার্যক্রম চলমান রয়েছে।

মন্তব্য : হোল্ডিং ট্যাক্স আদায় পৌরসভার নিজস্ব আয় সে দিকে লক্ষ্য রেখে ধার্য্যকৃত ট্যাক্স শতভাগ আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। আদায়কৃত ট্যাক্স আবশ্যিকভাবে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান নিশ্চিত করতে হবে। ট্যাক্স ধার্য্য ও আদায় রেজিস্টার হালনাগাদ করে সংরক্ষণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৮। ক্যাশ বই :

ক্যাশ বই সংরক্ষণ করা হচ্ছে । ক্যাশ বই অবলোকন করা হলো। ক্যাশ বইটি জুন, ২০২২ মাস পর্যন্ত লেখা আছে।

মন্তব্য : ক্যাশ একটি গুরুত্বপূর্ণ রেজিস্টার। ক্যাশ বইটি হালনাগাদ লিপিবদ্ধ করে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৯। উন্নয়ন প্রকল্প :

নথিপত্র পর্যালোচনা ও পৌরসভার কর্মকর্তা/কর্মচারী কর্তৃক প্রদত্ত তথ্য মোতাবেক জানা গেল চলতি অর্থ বছরে এ পৌসভায় উন্নয়ন খাতে চার কিস্তিতে সর্বমোট ১,৭৫,০০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ৮টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলোর কার্যক্রম চলমান রয়েছে।

মন্তব্য : সকল প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের গুনগতমান নিশ্চিত করতে হবে।

১০। মাসিক সভা :

পৌরসভার সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক উপস্থাপিত মাসিক সভার রেজিস্টার পরীক্ষা করা হলো। মাসিক সভার রেজিস্টার পরীক্ষা করা হলো।

মন্তব্য : মাসিক সভার নোটিশ সংশ্লিস্ট সকলের কাছে পৌছানো নিশ্চিত করতে হবে। সভার কার্যবিবরণী বহি হালনাগাদ রাখতে হবে। সভার কার্যবিবরণী সংশ্লিষ্টদের কাছে প্রেরণ করতে হবে।

১১। স্থায়ী কমিটির সভা :

পৌরসভার ১৪টি স্থায়ী কমিটি রয়েছে। স্থায়ী কমিটির সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের জন্য পরামর্শ প্রদান করা হলো।

১২। জন্ম নিবন্ধন রেজিস্টার :

জন্ম নিবন্ধন রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে।

১৩। পত্র প্রাপ্তি রেজিস্টার :

প্রত্যয়নসহ পত্র প্রাপ্তি রেজিস্টার ব্যবহার করা হচ্ছে। রেজিস্টার মোতাবেক ০১.০১.২০২২ তারিখ থেকে পরিদর্শনের তারিখ পর্যন্ত ৬৭টি পত্র ডকেটভুক্ত করা হয়েছে মর্মে দেখা গেল।

মন্তব্য: পত্র প্রাপ্তি রেজিস্টারটির সকল কলাম আবশ্যিকভাবে পূরণ করা প্রয়োজন। প্রাপ্ত পত্রসমূহ নিয়মিত ডকেটভুক্ত করতে হবে; সকল পত্র যথাসময়ে উপস্থাপন করতে হবে এবং পত্রের বিষয়ে কার্যকর ব্যবস্থা নিতে হবে।

১৪। পত্র জারি রেজিস্টার :

প্রত্যয়নসহ পত্রজারি রেজিস্টার ব্যবহার করা হচ্ছে। রেজিস্টার মোতাবেক ০১.০১.২০২২ তারিখ থেকে পরিদর্শনের তারিখ পর্যন্ত ৩১৪টি পত্র জারি করা হয়েছে। রেজিস্টারটি যথাযথভাবে ব্যবস্থাপনা করা হচ্ছে। এ ধারা অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

১৫। <u>পৌরসভা সম্পর্কে পরিদর্শনকারী কর্মকর্তার সার্বিক সমাপনী মন্তব্য</u> :

(ক) পৌরসভার রেজিস্টার, নথিপত্র ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণে আরো দায়িত্বশীল হতে হবে। যেসকল পত্র দীর্ঘ সময় উপস্থাপিত হয়নি সেসকল পত্র দ্রুততম সময়ে উপস্থাপন করে নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করতে হবে। শূন্য পদসমূহে সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণপূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় জনবল নিয়োগের পদক্ষেপ গহণ করা যেতে পারে।

(খ) পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি ও অবস্থান নিশ্চিত করতে হবে। দৈনন্দিন দাপ্তরিক কাজ যথাযথভাবে নিষ্পত্তি করতে হবে। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত নির্দেশ/সুপারিশসমূহ যথাযথভাবে অনুরসণ করে বাস্তবায়ন করতে হবে।

২৭.০৭.২০২২

(ড. মোহাম্মদ মুনসুর আলম খান)
জেলাপ্রশাসক
মেহেরপুর